

PRINT

# সমকাল

## ৭ মার্চ উপলক্ষে নর্থ সাউথ ইউনিভার্সিটিতে আলোচনা সভা

১০ ঘণ্টা আগে

ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ক্যাম্পাসে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ১৯৭১ সালের এ দিনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐতিহাসিক রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) তৎকালীন পাকিস্তানি শাসকগোষ্ঠীর বিরুদ্ধে অসহযোগ আন্দোলনের ডাক দেন। বঙ্গবন্ধুর এই আহ্বান উল্কার বেগে ছড়িয়ে পড়ে সারাদেশে। স্বাধীনতার স্বপ্নে জেগে ওঠে পুরো জাতি।

আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন লেফটেন্যান্ট কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির (বীরপ্রতীক) এবং বিশেষ অতিথি ছিলেন কবি শিমুল মোস্তফা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক গিয়াস ইউ আহসান। স্বাগত বক্তব্য দেন পারিসা শাকুর। এ ছাড়া আলোচনা সভায় অংশ নেন এনএসইউ ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ শাহজাহান। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com